চুয়াডাঙ্গার দর্শনা ও দামুড়হুদায় পুলিশের অভিযান ৮ জামায়াত নেতাকর্মী আটক

চুয়াডাঙ্গার দর্শনা দামুড়হুদা থানা পুলিশ বিভিন স্থানে অভিযান চালিয়ে ৮ জন জামায়াতের নেতাকর্মিকে আটক করেছে। এ সময় তাদের কাছ থেকে ৭টি বোমা সাদৃশ্য উদ্ধার দাবী করে পুলিশ, গতকাল বুধবার সকাল থেকেই জামায়াতের নেতা কর্মীদের সন্ধানে তাদের বাড়ী ও ব্যবসা প্রতিষ্ঠানে পুলিশ তল্লাশী চালায় বলে অভিযোগ করে জামায়াতের নেতাকর্মীরা।

এদিকে গতকাল বুধবার বিকালে আটককৃতদের বোমাসহ কোর্টে চালান দেওয়া হয়েছে।

দর্শনা থানা পুলিশ জানায়, গোপন সংবাদের ভিত্তিতে সঙ্গীয় ফোর্সসহ গতকাল বুধবার ও আগরদিন গভীর রাতে দর্শনা থানা এলাকার বেশ কয়েকটি গ্রামে অভিযান চালানোহয়। এর মধ্যে দর্শনা পৌর এলাকার দক্ষিণচাঁদপুর গ্রাম থেকে দর্শনা পৌর জামায়াতের সেক্রটারী মোঃ আমজাদ হোসেন, জামায়াত নেতা তানজিল হোসেন, তিতুদহ গ্রাম থেকে নাজমুল হক ও হাফিজুল ইসলাম, নেহালপুর গ্রাম থেকে মসজিদের ইমাম হাফেজ লোকমান হোসেন ও আরাফাত রহমান এবং বেগমপুর ইউনিয়নের জামায়াতের সভাপতি মোশারফ হোসেনকে আটক করা হয় ও তাদের কাছ থেকে ৭টি বোমা সাদৃশ্য উদ্ধার করা হয় বলে দাবী করে পুলিশ।

অপর দিকে দামুড়হুদা থানা পুলিশ দুপুরের দিকে নিজ প্রতিষ্ঠান থেকে দামুড়হুদা উপজেলা জামায়াতের সেক্রটারী মাওলানা আব্দুল গফুরকে আটক করে।

দর্শনা থানার অফিসার ইনচার্জ ফেরদৌস ওয়াহিদ জানান, আটককৃতদের কাছ থেকে ৭টি বোমা সাদৃশ্য উদ্ধার করা হয়েছে,যা নাশকতার কাজ লাগানো হতে পারে বলে খবর ছিল। আটককৃতদের গতকাল বুধবার বিকালে নাশকতা ও বিষ্ফোরক দ্রব্যর মামলায় চুয়াডাঙ্গা কোর্ট হাজতে প্রেরন করা হয়েছে।

আটককৃতদের পরিবারের সদস্যরা জানায়, তারা প্রত্যকে নিজ নিজ বাড়ীত

ঘুমিয়ে থাকা অবস্থায় পুলিশ তুলে নিয়ে গিয়ে বিষ্ফারকর মামলা সাজিয়েছে। এছাড়াও গতকাল দিনভর পুলিশ জামায়াত ও বিএনপির নেতাকর্মীদের বাড়ী ও ব্যবসা প্রতিষ্ঠান আটকের উদ্দশ্য অভিযান চালিয়েছে।

জীবননগরে র্যালী ও আলোচনা সভার মধ্যে দিয়ে মৎস্য সপ্তাহ পালিত

জীবননগরে বর্নাঢ্য র্যালী ও আলোচনা সভার মধ্যে দিয়ে জাতীয় মৎস্য সপ্তাহ পালিত হয়েছে।

গতকাল মঙ্গলবার সকাল ১০টার সময় জীবননগর উপজেলা প্রশাসন ও উপজেলা মৎস্য অধিদপ্তরের আয়োজনে জাতীয় মৎস্য সপ্তাহ উপলক্ষে উপজেলা চত্বর থেকে একটি র্যালীবের হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে উপজেলা শিক্ষা অফিসের হলরুমে একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জীবননগর উপজেলা নির্বাহী অফিসার হাসিনা মমতাজের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন,জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন,উপজেলা আওয়ামীলীগের সভাপতি নজরুল ইসলাম,সাধারন সম্পাদক আব্দুল লতিফ,উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আব্দুস সালাম ঈশা,মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী,উপজেলার সহকারী কমিশনার ভূ’মি তিথি মিত্র,উপজেলার সিনিয়র মৎস্য কর্মকর্তা দীন মোহাম্মদ প্রমুখ।

আলমডাঙ্গায় জাতীয় মৎস্য সপ্তাহের উদ্বোধন

আলমডাঙ্গায় জাতীয় মৎস্য সপ্তাহ ২০২৩ উদযাপন উপলক্ষে উদ্বোধনী, আলোচনাসভা ও পুরস্কার প্রদান অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

গতকাল মঙ্গলবার উপজেলা প্রশাসন ও উপজেলা মৎস্য অধিদপ্তরের আয়োজনে জাতীয় মৎস্য সপ্তাহ উদ্বোধন করা হয়। এবারের প্রতিপাদ্য বিষয়“ নিরাপদ মাছে ভরবো দেশ, গড়বো স্মার্ট বাংলাদেশ। আলোচনা সভায় উপজেলা সহকারি কমিশনার ভূমি রেজওয়ানা নাহিদের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন উপজেলা চেয়ারম্যান আইয়ুব হোসেন।

বিশেষ অতিথি ছিলেন উপজেলা ভাইস চেয়ারম্যান অ্যাড. সালমুন আহাম্মদ ডন, মহিলা ভাইস চেয়ারম্যান কাজী মারজাহান নিতু, প্রাণী সম্পদ কর্মকর্তা ডা. আব্দুল্লাহিল কাফি, কৃষি সম্প্রসারন কর্মকর্তা সোহেল রানা, সমাজসেবা কর্মকর্তা নাজমুল হোসেন। স্বাগত বক্তব্য প্রদান করেন চুয়াডাঙ্গা সদর উপজেলার সিনিয়র মৎস্য কর্মকর্তা ও আলমডাঙ্গা উপজেলার অতিরিক্ত দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা রাজিউল ইসলাম।

কলেজিয়েট স্কুলের উপাধ্যক্ষ শামীম রেজার উপস্থাপনায় উপস্থিত ছিলেন আলমডাঙ্গা ফায়ার সার্ভিস ষ্টেশনের আনোয়ার হোসেন ও মিজানুর রহমান, খামারী শাতিল হাসান, আশিক আদনান, শাহিন রেজা, সেলিম রেজা, আব্দুর রাজ্জাক, আলমডাঙ্গা মৎস্য অফিসের ক্ষেত্র সহকারি হাবিবুর রহমান, কম্পিউটার অপারেটর বেলাল হোসেন প্রমুখ। পরে ৩ জন মৎস্য খামারীকে পুরস্কার তুলে দেওয়া হয়।

দামুড়হুদায় ফেসবুকে স্ট্যাটাস

দিয়ে যুবকের আত্ম*হত্যা

“বিদায় বান্ধবী বিদায়, আমিও ভুলে যাব, তুমিও ভুলে যেও আমায়” ফেসবুকে স্ট্যাটাস দিয়ে দামুড়হুদা উপজেলার জয়রামপুর কাঁঠালতলা দাস পাড়ায় হিন্দু সম্প্রদায়ের এক যুবক গলায় গামছা পেচিয়ে ফাঁস লাগিয়ে আত্মহত্যা করে।

গতকাল মঙ্গলবার সকাল ৬টার সময় ময়নাতদন্ত শেষে মৃতের লাশের সৎকার করা হয়। মৃত্যুবরণ কারী হলো জয়রামপুর কাঁঠালতলা দাস পাড়ার শ্রী রতন দাসের ছেলে শ্রী শুভ দাস (২০)।

পারিবারিক সূত্রে জানা গেছে সোমবার দিবাগত রাতে খাওয়া-দাওয়া শেষ করে শুভ তার নিজ ঘরে শুয়েছিল। রাত ৩টার দিকে নিজ বসতবাড়ির উঠানে আম গাছের ডালে গলায় গামছা পেঁচিয়ে আত্মহত্যা করে। পরিবারের লোকজন টের পেয়ে তাকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। মৃতের লাশ ময়নাতদন্ত শেষে পরিবারের নিকট হস্তান্তর করা হয়েছে। এ ব্যাপারে চুয়াডাঙ্গা সদর থানায় একটি অপমৃত্যু মামলা দায়ের করা হয়েছে।

এলাকা সুত্রে জানাগেছে দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের জয়রামপুর কাঁঠালতলা দাস পাড়ার শ্রী রতন দাসের ছেলে শ্রী শুভ দাস
(২০) ও জয়রামপুর কাঁঠালতলা বাসস্ট্যান্ড পাড়ার ভ্যান চালক কাছেদের মেয়ে কামনা (২১) এদের মধ্যে বেশ কয়েক বছর ধরে চলে আসছে প্রেমের সম্পর্ক । এক পর্যায়ে তাদের দুজনের কিছু অন্তরঙ্গ ছবি এলাকায় ভাইরাল হয়ে যায়। এবিষয় নিয়ে এলাকার মন্ডল মাতবরদের বিচারে তাদের পরিবারকে ডাকা হলে কেউ হাজির হয়নি, তখন এক পর্যায়ে মাতব্বরা ঐ পরিবারটিকে এক ঘোরে করে রাখলে উল্টো সেই মন্ডল মাতব্বরদের নামে দামুড়হুদা মডেল থানায় মামলা দায়ের করেন ভ্যান চালক কাছেদ ও তার পরিবার।

অবশেষে ঐ দুই পরিবার ও এলাকার মন্ডল মাতব্বরদের দামুড়হুদা মডেল থানায় ডেকে মিমাংসা করে দেওয়া হয়। ছেলে হিন্দু ধর্ম, মেয়ে মুসলিম বলে দামুড়হুদা মডেল থানা থেকে বিচার করে দিয়ে ছিল উভয় পক্ষ কেউ কারো সাথে কোনো প্রকার যোগাযোগ রাখতে পারবে না। সে কারণে শুভ দাসের পিতা রতন দাস পাবনা চাটমোহর শুভ দাসের নানার বাড়িতে ছেলেকে পাঠিয়ে দেয়, সেখানে শুভ দাসের নানার বাড়ির লোকজনের সাথেই শুভ দাস বসবাস করতো। সেখানে এক পর্যায়ে শুভর সাথে তার মামাতো

বোনের বিয়ে ঠিক হয়। বিষয়টি কাছেদ আলীর মেয়ে কামনা খাতুন জানতে পেরে পাবনা চাটমোহরে শুভর কাছে চলে যায়। এতে শুভর মামাতো বোনের সাথে বিয়ে ভেঙে যায়। গত রোববার শুভদাস জয়রামপুর নিজ বাড়িতে ফিরে আসেন।

এবিষয়ে শুভ তার ব্যক্তিগত ফেসবুক থেকে স্ট্যাটাস দিয়েছেন, ” বিদায় বান্ধবী বিদায়, আমিও ভুলে যাব, তুমিও ভুলে যেও আমায়”। অপর এক স্ট্যাটাসে লিখেছেন সে আমার জীবনটা নষ্ট করে দিল, আমার শুধু ব্যবহারই করল সে, তবুও চাই সে সুখে থাক ভাল থাক।
এবিষয়ে মৃত শুভ দাসের মামি বলেন, আমাদের এখানে বোরকা পরে এসেছিল কামনাকে আমি দেখেছি ৪/৫ দিন দিন আমাদের ওখানে ছিল। এলাকাবাসী ধারণা করছে কামনা সেখানে গিয়ে বিয়ে ভেঙ্গে দেওয়ার কারণে কামনার উপর অভিমান করে গলায় ফাঁস লাগিয়ে আত্মহত্যা করেছে। নাম প্রকাশে অনিচ্ছুক স্থানীয় জনক ব্যক্তি বলেন কামনার সাথে শুভদাসের এখনো সম্পর্ক ছিল। কামনার মোবাইল এবং শুভদাসের মোবাইলের কল লিস্ট বের করলে সব ধরা পড়ে যাবে। এ বিষয়ে মৃত শুভর পরিবারের সাথে কথা বললে সবাই কান্নায় ভেঙে পড়েন এবং বলেন এ বিষয়ে পরে সিদ্ধান্ত নেওয়া হবে যে আমরা কারো নামে কোন অভিযোগ করব কিনা। ঘটনার পর থেকে কাছেদ তার পরিবার নিয়ে গা ঢাকা দিয়েছে, এবং তার মেয়েকে বাঁচাতে বিভিন্ন মহলে দৌড় ঝাঁপ শুরু করেছে।

এবিষয়ে কামনার পিতা কাছেদ আলীর কাছে মোবাইল ফোনে জানতে চাইলে তার ব্যবহৃত মোবাইল ফোনটি বন্ধ পাওয়া যায়।

এবিষয়ে দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি সাইফুল ইসলাম বলেন লাশ ময়না তদন্তের পরে মৃতের পরিবারের কাছে হস্তান্তর করা হয়েছে এখনো পর্যন্ত কারো কাছ থেকে কোন অভিযোগ পাওয়া যায়নি অভিযোগ পেলে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে। চুয়াডাঙ্গা সদর থানায় এ বিষয়ে একটি অপমৃত্যু মামলা দায়ের করা হয়েছে ।

আলমডাঙ্গায় সাপের কামড়ে নারীর

মৃত্যু

আলমডাঙ্গা উপজেলার নওলামারী গ্রামে সাপের কামড়ে জোসনা খাতুন
(৪২) নামের এক নারীর মৃত্যু হয়েছে। গতকাল সোমবার সন্ধ্যা ৮ টার দিকে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নেওয়ার পথে তাঁর মৃত্যু হয়। জোসনা খাতুন খাসকররা ইউনিয়নের নওলামারী গ্রামের শাহিন হোসেনের স্ত্রী।

পরিবার ও স্থানীয় সূত্রে জানা যায়, জোসনা খাতুন সোমবার সন্ধ্যা ৬ টার বাড়ির রান্না ঘরের পাশে ঝোঁপে খড়ি গোছাতে যায়। এসময় ঝোঁপে থাকা একটি বিষধর সাপে তাঁকে দংশন করলে তিনি অসুস্থ হয়ে পড়েন। এ সময় তাঁকে স্থানীয়ভাবে চিকিৎসা দেওয়া হয়। অবস্থার অবনতি হলে রাত ৮ টার দিকে পরিবারের লোকজন তাঁকে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নেওয়ার পথে জোসনা খাতুন মারা যান।

সাপের কামড়ে জোসনা খাতুন মৃত্যুর বিষয়টি নিশ্চিত করে খাসকররা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান তাছফির আহমেদ মল্লিক লাল বলেন, সোমবার সন্ধ্যায় সাপের কামড়ে হাসপাতালে নেওয়ার পথে সে মারা গেছে। অনেক সময় সাপে কাটা রোগীদের স্বজনেরা ওঝা ডেকে চিকিৎসা করাতে গিয়ে দেরি করে ফলেন। এতে অনেকে মারা যায়।

চুয়াডাঙ্গা সদর হাসপাতালে কর্তব্যরত চিকিৎসক ডা. জোবায়দা জামান জয়া বলেন, সাপের দংশনে নারী হাসপাতালে আসার আগেই তার মৃত্যু হয়েছে।

আলমডাঙ্গায় জাতীয় মৎস্য সপ্তাহ উদযাপন উপলক্ষে মতবিনিময় সভা

প্রতিবছরের ন্যায় এ বছরেও গতকাল সোমবার জুলাই হতে ৩০ শে জুলাই জাতীয় মৎস্য সপ্তাহ ২০২৩ উদযাপিত হবে। এ উপলক্ষে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

” নিরাপদ মাছে ভরবো দেশ,গড়বো স্মার্ট বাংলাদেশ” এই স্লোগান বাস্তবায়নই এ বছরের মৎস সপ্তাহের মূল প্রতিপাদ্য বিষয় সামনে রেখে মৎস্য সপ্তাহ পালিত হবে।

আলমডাঙ্গা উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়ে জাতীয় মৎস্ সপ্তাহ পালনে উপজেলার মৎস্যচাষি, মৎসজীবী, আড়ৎদার, মৎস ব্যবসায়ীসহ সাংবাদিকদের সাথে অনুষ্ঠিত এ মতবিনিময় সভায় হয়েছে।

আলমডাঙ্গা উপজেলা মৎস্য কর্মকর্তা (অঃদাঃ) মোঃ রাজিউল ইসলাম জানান,মাইকিং এর মাধ্যমে প্রচারণা,সড়ক র্যালি,উদ্বোধনী অনুষ্ঠান ও আলোচনা সভা, স্থানীয় পর্যায়ে সফল মাছচাষী ব্যক্তি, উদ্যোক্তা,

প্রতিষ্ঠানকে মৎস পুরস্কার প্রদান, উপজেলার গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠানের জলাশয়ে মাছ অবমুক্ত কারণ, প্রান্তিক পর্যায়ে মৎস্যচাষী ও মৎসজীবিদের সাথে মতবিনিময়, মৎস্য চাষীদের মাছ চাষ বিষয়ক বিশেষ পরামর্শ সেবা প্রদান, পানির ভৌত রাসায়নিক পরীক্ষা, মৎস্য সেক্টরে বর্তমান সরকারের অগ্রগত সাফল্য বিষয় নির্মিত প্রামাণ্য চিত্র প্রদর্শন,উন্মুক্ত জলাশয়ে মাছের পোনা ছাড়া, জাতীয় মৎস্য সপ্তাহের মূল্যায়ন ও সমাপনী অনুষ্ঠিত হবে।

মতবিনিময়ে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা উপজেলা মৎস কর্মকর্তা মোঃ রাজিউল আহাম্মদ, অফিস সহকারী মোঃ বেলাল হোসেন,ক্ষেত্র সহকারী এন এ টি পি মোঃ হাবিবুর রহমান, লিফ মোঃ মারুফুল বিশ্বাস অরুপ, আলমডাঙ্গা উপজেলা প্রেস ক্লাবের সভাপতি নাহিদ হাসান, সাধারণ সম্পাদক এন এইচ শাওন, সাংবাদিক শরিফুল ইসলাম রোকন, তানভীর সোহেল, রানা আহমেদ, মৎস চাষী ও মৎস্যজীবী হোসেন, হেলাল,বাবু, সম্রাট, আসিফ, মারুফুল ইসলাম, রানা, আসাদ, পলান, মনিরুজ্জামান প্রমূখ

দামুড়হুদা মডেল থানার উদ্যোগে

ডেঙ্গু প্রতিরোধে জনসচেতনতা মূলক র্যালি

“নিজ আঙ্গিনা পরিষ্কার করি,ডেঙ্গু মুক্ত আবাস গড়ি” এই প্রতিপাদ্য বিষয়কে সামনে রেখে বাংলাদেশ পুলিশ হেডকোয়ার্টার ও চুয়াডাঙ্গা জেলা পুলিশ সুপারের নির্দেশে দামুড়হুদা মডেল থানার উদ্যোগে ডেঙ্গু প্রতিরোধে পরিষ্কার পরিছন্নতা অভিযান, জনসচেতনতা মূলক র্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল সোমবার বেলা সাড়ে ১০টার সময় থানা চত্বর থেকে র্যালী শুরু হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে আবার থানা চত্বরে এসে শেষ হয়। র্যালী শেষে থানা করিডোরে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। র্যালী ও আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন সিনিয়র সহকারী পুলিশ সুপার (দামুড়হুদা সার্কেল) জাকিয়া সুলতানা।

দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি সাইফুল ইসলাম এর সভাপতিত্বে এসময় উপস্থিত ছিলেন, ওসি তদন্ত শফিকুল ইসলাম, ওসি অপারেশন শফিউল আলম, সেকেন্ড অফিসার এসআই শেখর চন্দ্র মল্লিক সহ থানার সকল অফিসার ও সাংবাদিক বৃন্দ উপস্থিত ছিলেন।

প্রধান অতিথির বক্তব্যে সিনিয়র সহকারী পুলিশ সুপার (দামুড়হুদা সার্কেল) জাকিয়া সুলতানা বলেন, দেশে ডেঙ্গুর প্রকোপ আকার ধারণ করেছে। এখনই যদি আমরা সচেতন হতে না পারি তাহলে ডেঙ্গুর আক্রমণ থেকে আমরা কেউই রক্ষা পাবো না। তাই সবাইকে ডেঙ্গুর ব্যাপারে সচেতন হতে হবে। মূলত এডিস মশা থেকেই ডেঙ্গুর উৎপত্তি হয়। এডিস মশার প্রজনন স্থল ধ্বংস করি, ডেঙ্গু ও চিকুনগুনিয়া প্রতিরোধ করি।

এ সময় তিনি সবাইকে সচেতন করে বলেন অফিসে, বাড়িতে রাখা ফুলের টব, চারপাশে পড়ে থাকা পাত্র, পরিত্যাক্ত টায়ার, ডাবের খোসা, চিপসের খালি প্যাকেট, পলিথিন পরিত্যক্ত ফুড কন্টেইনার ইত্যাদিতে পানি জমে থাকতে দেবেন না। নির্মাণাধীন ভবনের মাঝে লিফটের গর্ত, ওয়াটার মিটারের গর্ত ও স্থাপনা গুলোতেও পানি জমে থাকতে দেবেন না। যে কোন পাত্রে জমে থাকা পানি অবশ্যই তিনদিনের মধ্যে পরিবর্তন করুন। দিনে এবং রাতে শোয়ার সময় অবশ্যই মশারি ব্যবহার করবেন। আমরা নিজেরা একটু সচেতন হলেই ডেঙ্গু ও চিকুনগুনিয়ার ভয়ঙ্কর থাবা থেকে

নিজেদেরকে সুরক্ষা করতে পারি এবং প্রতিরোধ করা সম্ভব।

দামুড়হুদা হাউলী ইউনিয়ন পরিষদে বিট পুলিশিং সমাবেশ অনুষ্ঠিত

“বিট পুলিশিং বাড়ি বাড়ি, নিরাপদ সমাজ গড়ি” এই স্লোগানে দামুড়হুদা মডেল থানা পুলিশ কর্তৃক আয়োজিত ’বিট পুলিশিং-২০২৩ উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার সকাল ১১টায় হাউলী ইউনিয়ন পরিষদের সভাকক্ষে এ সভা অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি সাইফুল ইসলাম এর সভাপতিত্বে উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিনিয়র সহকারী পুলিশ সুপার দামুড়হুদা সার্কেল জাকিয়া সুলতানা। এ সময় প্রধান অতিথি বাল্যবিবাহ, ইভটিজিং, মাদক, জুয়া, নারী ও শিশু নির্যাতন, চুরি ইত্যাদি বিষয়ে নির্দেশনামূলক ও জনসচেতনামূলক বক্তব্য রাখেন। তিনি পুলিশ এবং জনগণের দূরত্ব কমিয়ে একসঙ্গে কাজ করা সহ অপরাধ নির্মূল করতে পুলিশকে তথ্য দিয়ে সহায়তা করার জন্য উপস্থিত সকলকে আহবান জানান।

এসময় উপস্থিত ছিলেন দামুড়হুদা মডেল থানার (ওসি) অপারেশন শফিউল আলম, হাউলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান (ভারপ্রাপ্ত) নিজাম উদ্দিন, সচিব নাঈম উদ্দিন, এস আই মনজুরুল হক, এএসআই শ্রী বিপ্লব দাস, ইউপি সদস্য শহিদুল ইসলাম,রিকাত আলী, শাহাজামাল, সেলিম হোসেন, জাহাঙ্গীর আলম টিক্কা,৫ নং ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি শাহাজান আলী, ইউপি সদস্য রহিমা খাতুন।

সভায় উপস্থিত বক্তারা মাদক ও আইন শৃঙ্খলা বিষয়ক নানা ধরনের তথ্য তুলে ধরেন।

উক্ত অনুষ্ঠানে জনপ্রতিনিধি, রাজনৈতিক নেতৃবৃন্দ, কমিউনিটি

পুলিশের নেতৃবৃন্দ, সুশীল সমাজের নেতৃবৃন্দ, বিভিন্ন স্কুল কলেজের শিক্ষকবৃন্দ, আলেম ওলামাগণ, বিভিন্ন প্রিন্ট ও ইলেকট্রনিক্স মিডিয়ার সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন এসআই সালাউদ্দিন।

দর্শনা প্রতিবন্ধী স্কুল পরিদর্শন করলেন সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সহকারী সচিব

দর্শনা পৌর এলাকার মেমনগরে বিশেষ শিক্ষা (প্রতিবন্ধী) স্কুল পরিদর্শনে বাংলাদেশ সরকারের সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সহকারী সচিব মাহমুদা ইয়াছমিন।

গতকাল রবিবার দুপুর ২টার দিকে বাংলাদেশ সরকারের সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সহকারী সচিব মাহমুদা ইয়াছমিন দর্শনা পৌর এলাকার মেমনগরে বিশেষ শিক্ষা (প্রতিবন্ধী) স্কুল পরিদর্শনে আসেন। ২০১৪ সালে একযোগে সারাদেশে প্রতিবন্ধীদের শিক্ষার আলোয় আলোকিত করতে সমাজসেবা অধিদপ্তর দ্বারা পরিচালিত বিশেষ শিক্ষা (প্রতিবন্ধী) বিদ্যালয় সারা দেশে প্রতিষ্ঠিত হয়। তারই অংশ হিসাবে দর্শনায় প্রতিষ্ঠিত বিশেষ শিক্ষা (প্রতিবন্ধী) বিদ্যালয়ে অগ্রগতি,কার্যক্রম দেখতে পরিদর্শনে আসেন।

এসময় স্কুলের শিক্ষক-শিক্ষিকা ও ছাত্র-ছাত্রীরা ফুল দিয়ে তাকে বরণ করে নেন। এরপর তিনি ক্লাসরুমের কার্যক্রম ঘুরে ঘুরে দেখেন এবং ছাত্র ছাত্রীদের সাথে কথা বলে সন্তোষ প্রকাশ করেন। পরে তিনি শিক্ষকদের সাথে মতবিনিময় ও আলোচনা সভা করেন।বিদ্যালয়ের বিভিন্ন অগ্রগতি, সুফল ও সমস্যার কথা শোনেন এবং বিদ্যালয়ের সমস্যা গুলো অতিসত্বর সমাধানের আশ্বাস দেন।

অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন জেলা প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা আনোয়ারুল ইসলাম,দর্শনা পৌর বিশেষ শিক্ষা প্রতিবন্ধী বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা মোছাঃ শিরিনা আক্তার, শাহিনুর

আক্তার, লিখন আহম্মেদ, আব্দুল কাদের, সুমন হোসেন, মো: লিপ্টন, হাবিবুর রহমান সহ স্কুলের অভিবাবক ও ছাত্রছাত্রীরা।

উল্লেখ্য, দর্শনা পৌর বিশেষ শিক্ষা (প্রতিবন্ধী) বিদ্যালয় ১৮০ জন বিশেষ শিক্ষার্থী শিক্ষার্থী রয়েছে এবং শিক্ষক- শিক্ষীকা ১৪ জন সহ ২৫ জন কর্মরত প্রতিষ্ঠানটিতে রয়েছে।

দামুড়হুদায় পাখি ভ্যান থেকে পড়ে তিন বছরের শিশুর মৃত্যু

দামুড়হুদা উপজেলার নাপিতখালি গ্রামে পাখি ভ্যান যোগে বেড়াতে যাওয়ার সময় মায়ের কোল থেকে পড়ে তাশরিপের মৃত্যু হয়েছে। মৃত্যু তাশরিপ (৩) নাপিতখালি গ্রামের রহিদুল ইসলামের ছেলে।

গতকাল রবিবার বিকাল সাড়ে ৫ টার দিকে মোক্তারপুর গ্রামের জনৈক আবু তালেব এর বসত বাড়ীর পাশে পাকা রাস্তার উপর পড়ে এই দূর্ঘটনার ঘটে।

ঘটনার বিবারণে জানাযায়,দামুড়হুদা উপজেলার নাপিতখালি গ্রামের রহিদুলের স্ত্রী রেহেনা বেগম (৩৫) ছেলে তাশরিপ(৩) ও ভাই রাফিজ পাখি ভ্যান যোগে চারুলিয়া নানার বাড়ি যাচ্ছিল। এমন সময় মোক্তারপুর গ্রামে জনৈক আবু তালেব এর বসত বাড়ীর পাশে পৌয়ছালে মায়ের কোলে থাকা তাশরিপ অসাবধানতায় পাকা রাস্তার উপর পড়ে যায়। পরে তাকে উদ্ধার করে দ্রুত চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক মৃত বলে ঘোষণা করেন।

দামুড়হুদা মডেল থানার এস আইন মোঃ খসরু আলম ঘটনাস্থলে পৌঁছে মৃতের সুরতহাল রিপোর্ট তৈরী করেন। দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি সাইফুল ইসলাম বলেন,এ বিষয়ে কারো কোনো অভিযোগ না থাকায় লাশ পরিবারের কাছে হস্তান্তর করা হয়েছে।